

PRINT

## সমক্ষে

# এইচএসসির ব্যবহারিক পরীক্ষায় উৎকোচ নেওয়ার প্রতিবাদে বিক্ষোভ

মধুখালী সরকারি আইনউদ্দীন কলেজ

১০ ঘন্টা আগে

### ফরিদপুর অফিস ও মধুখালী প্রতিনিধি

ফরিদপুরের মধুখালী সরকারি আইনউদ্দীন কলেজের ছাত্রছাত্রীদের কাছ থেকে ব্যবহারিক পরীক্ষায় পূর্ণ নম্বর দেওয়ার কথা বলে উৎকোচ নেওয়ার অভিযোগ উঠেছে শিক্ষকদের বিরুদ্ধে। এ ঘটনার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন কলেজের এইচএসসি পরীক্ষার্থীরা। শনিবার সকাল ১১টার দিকে সরকারি আইনউদ্দীন কলেজের সামনের ঢাকা-খুলনা মহাসড়কে এ মানববন্ধন করেন ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার্থীরা।

সরকারি আইনউদ্দীন কলেজের প্রায় দেড় হাজার ছাত্রছাত্রী এ বছর এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেন। লিখিত পরীক্ষা শেষে পরীক্ষার্থীদের কাছ থেকে ব্যবহারিক পরীক্ষায় পূর্ণ নম্বর দেওয়ার কথা বলে উৎকোচ নেন কলেজের দর্শন বিভাগের প্রভাষক প্রদীপ কুমার সরকারসহ কয়েকজন শিক্ষক। প্রতিটি বিষয়ে ১০০ টাকা করে নেওয়া হয়। বিষয়টি নিয়ে ছাত্রছাত্রীর মাঝে ক্ষেত্রে সৃষ্টি হয়।

পরীক্ষার্থী শাওন জানান, পরীক্ষা চলাকালীন কলেজের আরিফুল স্যার প্রতি পরীক্ষার্থীর কাছ থেকে বিষয়প্রতি ১০০ টাকা করে নেন। কলেজের দর্শন বিভাগের প্রভাষক প্রদীপ কুমার সরকারের নেতৃত্বে কয়েকজন শিক্ষক মিলে ছাত্রছাত্রীদের কাছ থেকে এ টাকা আদায় করেন।

অভিযুক্ত প্রভাষক প্রদীপ কুমার সরকার বলেন, ব্যবহারিক পরীক্ষায় পূর্ণ নম্বর দেওয়ার কথা বলে জোর করে কারও কাছ থেকে টাকা নেওয়া হয়নি। খুশি হয়ে কোনো শিক্ষার্থী দিলে সেটা নেওয়া হয়েছে। তিনি আরও জানান, গণিত পরীক্ষার সময় এক ছাত্রকে নকল করতে না দেওয়ায় ওই ছাত্র ক্ষিণ্ঠ হয়ে সবাইকে এক করে মানববন্ধন কর্মসূচি পালন করেছে। একাধিক শিক্ষার্থী জানান, পরীক্ষার সময় তাদের কাছে ব্যবহারিক পরীক্ষার জন্য টাকা চাওয়া হয়। টাকা না দিলে ব্যবহারিক পরীক্ষায় নম্বর কম দেওয়া হবে, এমন কথা বলে ভয়ভীতি দেখিয়ে শিক্ষার্থীদের কাছ থেকে অর্থ আদায়

করা হয়।

কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. নাজমুল হক জানান, আপ্যায়ন খরচ বাবদ খুশি হয়ে কোনো শিক্ষার্থী কিছু দিয়ে থাকলে সেটা নেওয়া হয়। কিন্তু জোর করে কোনো শিক্ষার্থীর কাছ থেকে টাকা নেওয়া হয়নি। আন্দোলনকারী ছাত্রছাত্রীদের ডেকে এনে তাদের টাকা ফেরত দেওয়া হবে বলে প্রতিশ্রূতি দিয়েছি। তিনি বলেন, কলেজের সুনাম ক্ষুণ্ণ করতে কোনো একটি মহল শিক্ষার্থীদের দিয়ে এ মানববন্ধন করিয়েছে।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)